ই-মেইলে প্রাপ্ত

সা: ক: (শিক্ষা)
সা: ক: (আইসিটি)
সা: ক: (সাধারণ)
সা: ক: (....................)
সা: প: উপা: শিক্ষা
প্র: ক:
সি: এ
অ: জে: প্র: (শিক্ষা ও আইসিটি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের
নিয়ন্ত্রক-এর কার্যালয়
সাইবার নিরাপত্তা ও সমন্বয়
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.cca.gov.bd

স্মারক নম্বর: ৫৬.০৩.০০০০.০০৫.০৬.০০২.২৩.৪

তারিখ: ৭ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
২১ জানুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়: সাইবার অপরাধ প্রতিরোধে গঠিত জেলা ও উপজেলা কমিটির কার্যক্রম পরিচালনা প্রসঙ্গে।**

সূত্র: ক): মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন- জেলা কমিটি।
খ): মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন- উপজেলা কমিটি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সাইবার অপরাধ প্রতিরোধে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গঠিত জেলা কমিটি ও উপজেলা কমিটির প্রজ্ঞাপন জারি করা হয়। কিন্তু জেলা কমিটি ও উপজেলা কমিটির (কপি সংযুক্ত) কোনো কার্যক্রমের অগ্রগতি অদ্যাবধি পাওয়া যায়নি। সাইবার নিরাপত্তা কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে জেলা/উপজেলা কমিটির সভা সময়মত আয়োজন করা প্রয়োজন।

এমতাবস্থায়, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গঠিত জেলা/উপজেলা কমিটির সভা আয়োজন ও তার অগ্রগতি প্রতিবেদন এ দপ্তরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: কমিটির প্রজ্ঞাপন।

২১-০১-২০২৩
শাহিনা পারভীন
উপ-নিয়ন্ত্রক (উপসচিব), সিসিএ কার্যালয় ও
সদস্য সচিব,সাইবার অপরাধ প্রতিরোধ কমিটি
৮৮০২৮১৮১৭১৩
shahina.parven@cca.gov.bd

**বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। জেলা প্রশাসক (সকল) এবং
২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

**স্মারক নম্বর: ৫৬.০৩.০০০০.০০৫.০৬.০০২.২৩.৪ /১ (২)**

তারিখ: ৭ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
২১ জানুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা [সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য] এবং
২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা [মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য]।

২১-০১-২০২৩
শাহিনা পারভীন
উপ-নিয়ন্ত্রক (উপসচিব)

**সকল সংযুক্তিসমূহ:**
(১) জেলা কমিটি.PDF
(২) উপজেলা কমিটি.PDF

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
সংস্থা-১ শাখা
www.ictd.gov.bd

নম্বর: ৫৬.০০.০০০০.০৫৪.১৮.০০২.১৯.১৬৯

তারিখ: ৫ আশ্বিন ১৪২৯
২০ সেপ্টেম্বর ২০২২

## প্রজ্ঞাপন

রূপকল্প-২০৪১ এর সফল বাস্তবায়ন এবং স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে কিশোর-কিশোরীদের সাইবার অপরাধ প্রতিরোধে নিম্নরূপে জেলা কমিটি গঠন করা হলো:

| ক্রম. | কমিটির সদস্য | পদবি |
|---|---|---|
| ১ | জেলা প্রশাসক | সভাপতি |
| ২ | পুলিশ সুপার, পুলিশ | সদস্য |
| ৩ | অধ্যক্ষ, জেলা সরকারী কলেজ | সদস্য |
| ৪ | কোম্পানি কমান্ডার, র‌্যাব (জেলা ক্যাম্প) | সদস্য |
| ৫ | সিভিল সার্জন | সদস্য |
| ৬ | জেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ৭ | উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর | সদস্য |
| ৮ | উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর | সদস্য |
| ৯ | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ১০ | চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থার জেলা কমিটি | সদস্য |
| ১১ | মনোবিজ্ঞানী/সরকারী কলেজের মনোবিজ্ঞান বিভাগের প্রধান (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) [প্রাপ্তি সাপেক্ষে] | সদস্য |
| ১২ | জেলা তথ্য কর্মকর্তা | সদস্য |
| ১৩ | সভাপতি, জেলা প্রেস ক্লাব | সদস্য |
| ১৪ | প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (জেলা) | সদস্য |
| ১৫ | অধ্যক্ষ, জেলা মহিলা কলেজ | সদস্য |
| ১৬ | সাইবার অপরাধ নিয়ে কাজ করেন এমন আইনজীবী (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) [প্রাপ্তি সাপেক্ষে] | সদস্য |
| ১৭ | পাবলিক প্রসিকিউটর | সদস্য |
| ১৮ | সভাপতি, জেলা শিক্ষক কমিটি | সদস্য |
| ১৯ | প্রধান শিক্ষক, জেলা স্কুল | সদস্য |
| ২০ | প্রধান শিক্ষক, জেলা বালিকা উচ্চ-বিদ্যালয় | সদস্য |

| | | |
|---|---|---|
| ২১ | প্রধান শিক্ষক/প্রতিষ্ঠান প্রধান, জেলা আলিয়া মাদরাসা/কওমী মাদ্রাসা (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ২২ | জেলা লিগ্যাল এইড কর্মকর্তা | সদস্য |
| ২৩ | কিশোর-কিশোরীদের নিয়ে কাজ করে এমন দুটি এনজিও এর প্রতিনিধি (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ২৪ | জেলা হিন্দু, বৌদ্ধ, খ্রিস্টান / ইমাম সমিতির প্রতিনিধি | সদস্য |
| ২৫ | কন্যাকথা পোর্টালে দায়িত্বপ্রাপ্ত জেলা এ্যাম্বাসেডর-২ জন | সদস্য |
| ২৬ | জেলা প্রতিনিধি, সাইবার টিনস (প্রাপ্তি সাপেক্ষে) | সদস্য |
| ২৭ | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধি:**

ক) স্কুল-কলেজের কিশোর-কিশোরীদের মধ্যে সাইবার বিষয় সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সভা/সেমিনার/ওয়ার্কশপ ইত্যাদির আয়োজন করা এবং এ বিষয়ে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করা।

খ) সাইবার অপরাধ, সাইবার বুলিং ও ব্ল্যাকমেইল প্রতিরোধে সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করা।

গ) বিভিন্ন ধরনের সাইবার অপরাধ, সাইবার বুলিং ও ব্ল্যাকমেইল শিকারগ্রস্থের সাথে সরাসরি যোগাযোগ রক্ষা করা ও প্রয়োজনীয় আইনি সহায়তা প্রদান করা।

ঘ) বিভিন্ন ধরনের সাইবার অপরাধ, সাইবার বুলিং ও ব্ল্যাকমেইল এর শিকার কিশোর-কিশোরীদের স্বাভাবিক জীবনযাপন এর জন্য প্রয়োজনীয় সহায়তা প্রদান।

ঙ) সাইবার অপরাধ, সাইবার বুলিং ও ব্ল্যাকমেইল প্রতিরোধ ও সহায়তা সংক্রান্ত যেকোন কার্যক্রম পরিচালনা করা।

চ) কমিটি প্রতি মাসে কমপক্ষে একটি সভা আয়োজন করবে তবে বিশেষ অবস্থায় জরুরি সভা আয়োজন করা যাবে।

ছ) কমিটি স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী বাস্তবায়নযোগ্য বিভিন্ন কর্মপরিকল্পনা গ্রহণ করবে এবং তা বাস্তবায়ন করবে।

জ) কমিটি প্রতিমাসের সভায় কর্মপরিকল্পনার অগ্রগতি মূল্যায়ন করে পরবর্তী করণীয় বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ এবং একই সাথে উপজেলা কমিটির কার্যক্রম পরিবীক্ষণ ও প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে।

০২। কমিটি প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

Safiq

২০-৯-২০২২

এস. এম. শফিক
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: +৮৮-০২-৪১০২৪০২৮
ফ্যাক্স: ৮৮-০২-৮১৮১৫৬৫
ইমেইল: s.safiq@ictd.gov.bd

নম্বর: ৫৬.০০.০০০০.০৫৪.১৮.০০২.১৯.১৬৯/১

তারিখ: ৫ আশ্বিন ১৪২৯
২০ সেপ্টেম্বর ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।

২) জেলা প্রশাসক (সকল), .................................. জেলা।

৩) উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।

৪) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।

৫) সিনিয়র সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।

৬) পুলিশ সুপার, .................................. জেলা।

৭) অধ্যক্ষ, জেলা সরকারী কলেজ (সকল), .................................. জেলা।

৮) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) (সকল), .................................. জেলা।

৯) কোম্পানি কমান্ডার, র‌্যাব (জেলা ক্যাম্প), .................................. জেলা।

১০) সিভিল সার্জন (সকল), .................................. জেলা।

১১) জেলা শিক্ষা অফিসার (সকল), .................................. জেলা।

১২) উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর (সকল), .................................. জেলা।

১৩) উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর (সকল), .................................. জেলা।

১৪) জেলা শিশু বিষয়ক কর্মকর্তা (সকল), .................................. জেলা।

১৫) চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থার জেলা কমিটি (সকল), .................................. জেলা।

১৬) জেলা তথ্য কর্মকর্তা (সকল), .................................. জেলা।

১৭) সভাপতি, জেলা প্রেস ক্লাব (সকল), .................................. জেলা।

১৮) অধ্যক্ষ, জেলা মহিলা কলেজ (সকল), .................................. জেলা।

১৯) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

২০) প্রোগ্রামার, জেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (সকল), .................................. জেলা।

২১) পাবলিক প্রসিকিউটর (সকল), .................................. জেলা।

২২) সভাপতি, জেলা শিক্ষক কমিটি (সকল), .................................. জেলা।

২৩) প্রধান শিক্ষক, জেলা স্কুল (সকল), .................................. জেলা।

২৪) প্রধান শিক্ষক, জেলা বালিকা উচ্চ বিদ্যালয় (সকল), .................................. জেলা।

২৫) প্রধান শিক্ষক/প্রতিষ্ঠান প্রধান, জেলা আলিয়া মাদরাসা/কওমী মাদ্রাসা (সকল), .................................. জেলা।

২৬) জেলা লিগ্যাল এইড কর্মকর্তা (সকল), .................................. জেলা।

২৭) জেলা এ্যাম্বাসেডর, কন্যাকথা পোর্টাল (০২ জন), .................................. জেলা।

২৮) জেলা প্রতিনিধি, সাইবার টিনস, .................................. জেলা।

২৯) জেলা প্রতিনিধি, জেলা হিন্দু, বৌদ্ধ, খ্রিস্টান/ইমাম সমিতি, .................................. জেলা।